

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৭১৪

১/ বিবিধ

আরবী

النساء على ثلاثة أصناف، صنف كالوعاء تحمل وتضع، وصنف كالعر – وهو الجرب –، وصنف ودود ولود، تعين زوجها على إيمانه، فهي خير له من الكنز منكر

رواه تمام في " الفوائد " (2 / 206) عن عبد الله بن دينار عن عطاء بن أبي رباح عن جابر مرفوعا، وقال: " عبد الله بن دينار هو الحمصي قلت: وهو ضعيف كما جزم به الحافظ في " التقريب " تبعا لغير واحد من الأئمة، ومنهم أبو حاتم، فقد قال ابنه في " العلل " (2 / 310) بعد أن ساق الحديث: وقال أبي، هذا حديث منكر، عبد الله بن دينار منكر الحديث ". بل قال الدارقطني " ضعيف لا يعتبر به

বাংলা

৭১৪। মহিলারা হচ্ছে তিন প্রকারের। এক প্রকার পাত্রের ন্যায় অন্তসত্ত্বা হয় আর সন্তান প্রসব করে। আরেক প্রকার (চর্মরোগ) খুজলির মত। আরেক প্রকার অধিক ভালবাসা ও অধিক সন্তান প্রদানকারী, সে তার স্বামীকে তার ঈমানের ক্ষেত্রে সহযোগিতা করে। সে তার স্বামীর জন্য গচ্ছিত সম্পদের চেয়েও অতি উত্তম।

হাদীছটি মুনকার।

এটিকে তাম্মাম "আল-ফাওয়ায়েদ" (২/২০৬) গ্রন্থে আব্দুল্লাহ ইবনু দীনার হতে তিনি আতা ইবনু আবী রাবাহ হতে তিনি জাবের (রাঃ) হতে মারফু হিসাবে বর্ণনা করেছেন। অতঃপর বলেছেনঃ আব্দুল্লাহ হচ্ছেন হিমসী।

আমি (আলবানী) বলছিঃ তিনি দুর্বল। যেমনটি দৃঢ়তার সাথে হাফয ইবনু হাজার “আত-তাকরীব” গ্রন্থে একাধিক ইমামের অনুসরণ করে বলেছেন। তাদের মধ্যে আবু হাতিম রয়েছেন। তার ছেলে "আল-ইলাল" (২/৩১০) গ্রন্থে হাদীছটি উল্লেখ করার পর বলেছেনঃ আমার পিতা বলেছেন, এ হাদীছটি মুনকার। আব্দুল্লাহ ইবনু দীনার মুনকারুল হাদীছ। বরং দারাকুতনী বলেনঃ তিনি এমন ধরনের দুর্বল যে তাকে পরীক্ষা করাও যায় না।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71593>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন